বিজ্ঞান অনুষদ
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল-১৯০২, ফোনঃ ০৯২১-৬২৩৫৮।

সূত্রঃ মাভাবিপ্রবি/বি.অনুঃ/ভর্তি পরীক্ষা/২০১৭-১৮ তারিখঃ ০৪ পৌষ ১৪২৪ / ১৭ জানুয়ারি ২০১৮

বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের "C" ইউনিটে স্নাতক (সম্মান) প্রোগ্রামে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় **মুক্তিযোদ্ধা/উপজাতি/পোষ্য/বিকেএসপি কোটায়** মেধা তালিকায় উত্তীর্ণ এবং ১৪ জানুয়ারি ২০১৭ তারিখে সাক্ষাৎকারে অংশগ্রহণকারী প্রার্থীদের মেধাক্রম ও পছন্দ অনুযায়ী শুধুমাত্র পরিসংখ্যান বিভাগে (সংযুক্ত তালিকা অনুযায়ী) আগামী ২১ জানুয়ারি ২০১৮ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত নিম্নোক্ত 'ফি' সমূহ পরিশোধ পূর্বক ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো। আসন খালি থাকা সাপেক্ষে সাক্ষাৎকারে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য হতে ভর্তির জন্য মেধাক্রমানুসারে আগামী ২৩ জানুয়ারি ২০১৮ তারিখ তালিকা প্রকাশ করা হবে। প্রকাশিত তালিকার প্রার্থীদেরকে আগামী ২৮ জানুয়ারি ২০১৮ তারিখ, রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ভর্তি হতে হবে।

ক্রমিক	খাত সমুহের নাম	টাকার পরিমান
০১.	সেমিস্টার ফি (প্রতি সেমিস্টার)*	৫০০/-
০২.	ভর্তি ফি	২,৫০০/-
০৩.	ক্রেডিট ফি {(প্রতি সেমিস্টার) (রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত ও পরিসংখ্যান বিভাগ)}*	২,১৪৫/-; ২,২০০/-; ২২,০০/-; ২,০৯০/-
০৪.	রেজিস্ট্রেশন ফি	১,০০০/-
০৫.	ক্রীড়া ফি	৪০০/-
০৬.	ছাত্র কল্যাণ তহবিল ফি	২০০/-
০৭.	সাংস্কৃতিক ফি	৪০০/-
০৮.	মেডিক্যাল ফি	২০০/-
০৯.	ধর্মীয় অনুষ্ঠান ফি	৫০/-
১০.	পরিবহন উন্নয়ন কাঠামো ফি	৫০০/-
১১.	গ্রন্থাগার জামানত ফি (ফেরত যোগ্য)	১,০০০/-
১২.	ল্যাবঃ/ব্যবহারিক ফি (প্রতি সেমিষ্টার)*	৫০০/-
১৩.	পরীক্ষা ফি (প্রতি সেমিষ্টার)*	৫০০/-
১৪.	পরিচয় পত্র ফি	১০০/-
১৫.	গ্রন্থাগার কার্ড ফি	৫০/-
১৬.	হেলথ কার্ড ফি	১০০/-
১৭.	গ্রন্থাগার উন্নয়ণ ফি	৫০০/-
১৮.	বিশ্ববিদ্যালয় উন্নয়ণ ফি	২,০০০/-
১৯.	বিএনসিসি ফি	১৬০/-
২০.	গবেষণা/সেমিনার ফি	১,০০০/-
২১.	সেমিনার লাইব্রেরী ফি	৪০০/-
২২.	প্রকাশনা ও বার্ষিকী ফি	১০০/-
২৩.	হল উন্নয়ন ফি	১,৫০০/-
২৪.	পরিবহন ফি (প্রতি সেমিষ্টার)*	৩০০/-
২৫.	গ্রেডসীট ফি (প্রতি সেমিষ্টার)*	১০০/-
	সর্বমোট (রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত ও পরিসংখ্যান বিভাগ) যথাক্রমে =	১৬,২০৫/-; ১৬,২৬০/-; ১৬,২৬০/-; ১৬,১৫০/-

এছাড়াও বিভাগ উন্নয়ণ ফি বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকা ও অনুষদ উন্নয়ণ ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মোট =৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা আলাদাভাবে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান এর ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। একাউন্ট নম্বর বিভাগীয় অফিস থেকে সংগ্রহ করতে হবে।

উল্লেখ্য যে, ছাত্র/ছাত্রীদেরকে সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তি ফরম সংগ্রহ করে স্ব-হস্তে পূরণ করে স্ব স্ব অনুষদে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্প জমা দিয়ে সংশ্লিষ্ট কোটার সকল প্রয়োজনীয় কাগজপত্র ডিন অফিস সত্যায়ণপূর্বক উপরোক্ত ফি সোনালী ব্যাংক, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত সময়ে জমা দিয়ে বিভাগীয় চেয়ারম্যান এর স্বাক্ষর সংগ্রহ করে সংশ্লিষ্ট হলে ভর্তি ফরম জমা দেয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

উল্লিখিত সময় সীমার মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে প্রার্থী ভর্তি হতে পারবে না। ফরম পুরণের সময় ঘষামাজা, ওভার রাইটিং ও ফ্লুইড ব্যবহার পরিহার করতে হবে।

ভর্তির সময় নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে ঃ

মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ও উপজাতি কোটার ক্ষেত্রে

১। মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৩৪.০০১.১৭-৩২৭ তারিখ ২০ জুলাই ২০১৭ এর প্রেক্ষিতে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত সাময়িক সনদ ও গেজেট/প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত সনদ/ লাল মুক্তিবার্তা/ভারতীয় তালিকার ফটোকপি।
২। প্রার্থীকে অবশ্যই এস.এস.সি. ও এইচ.এস.সি. পরীক্ষার মূল নম্বরপত্র এবং মুক্তিযোদ্ধার মূল সনদপত্রের ফটোকপি।
৩। মুক্তিযোদ্ধার নাতি-নাতনীর কোটায় ভর্তির জন্য যারা মনোনিত হয়েছে তাদেরকে দাদা-দাদী/নানা-নানীর সন্তানের সন্তান পরিচয়ের জন্য প্রয়োজনীয় কাগজপত্র দেখাতে হবে। যেমন: নানার ক্ষেত্রে মায়ের এস.এস.সি. সনদ/বিয়ের কাবিন নামা/জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র, দাদার ক্ষেত্রে বাবার জাতীয় পরিচয়পত্র এবং যথাযথ ওয়ারিশ সনদ এর ফটোকপি।
৪। উপজাতি কোটার ক্ষেত্রে শিক্ষার্থীদের স্ব-স্ব সার্কেল চীফ/জেলা প্রশাসক এর নিকট থেকে প্রাপ্ত সনদপত্রের ফটোকপি।

- এছাড়াও সকল শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ও নম্বর পত্র বিভাগীয় অফিসে জমা দিতে হবে।
- সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও নম্বর পত্রের সত্যয়িত ফটোকপি ০১ (এক) সেট।
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মূল প্রশংসাপত্র।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙ্গীন ০৫ (পাঁচ) কপি এবং স্ট্যাম্প সাইজ ০১ (এক) কপি রঙ্গীন ছবি ।

বি.দ্র. বিভিন্ন কোটায় মনোনিত ভর্তিচ্ছুক প্রার্থীদের ভর্তির সময় নিজ ব্যবস্থাপনায় ৩০০.০০ টাকা (১০০.০০ টাকা করে প্রতিটি) মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে (স্ট্যাম্পের লেখা সংশ্লিষ্ট ডিন অফিস কর্তৃক প্রদান করা হবে)।

স্বাক্ষরিত/-

(ড. পিনাকী দে)
ডিন, বিজ্ঞান অনুষদ
ও
কো-অর্ডিনেটর, 'সি' ইউনিট (কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ)
মাভাবিপ্রবি।

কার্যার্থে অনুলিপি বিতরণঃ
০১। চেয়ারম্যান-রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত এবং পরিসংখ্যান বিভাগ, মাভাবিপ্রবি।
০২। প্রভোস্ট- মুক্তিযোদ্ধা আব্দুল মান্নান হল/আলেমা খাতুন ভাসানী হল/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল/শহীদ জিয়াউর রহমান হল/শহীদ জননী জাহানারা ইমাম হল, মাভাবিপ্রবি।
০৩। ডেপুটি পরীক্ষা নিয়ন্ত্রক ও অফিস প্রধান, ভাইস-চ্যান্সেলর অফিস, মাভাবিপ্রবি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি।
০৬। ম্যানেজার, মাভাবিপ্রবি শাখা, সোনালী ব্যাংক লিমিটেড, সন্তোষ, টাঙ্গাইল।
০৭। নোটিশ বোর্ড।